

কোস্ট প্রধান অফিস, ঢাকা। তারিখ: ৩ মার্চ ২০১৪।

প্রতি : সকল আরপিএস ও টিমলিডার  
হতে : পরিচালক  
বিষয় : অডিট হিয়ারিং এর পদ্ধতি প্রসঙ্গে।


প্রিয় সহকর্মী,

সংস্থার কাজের গতিশীলতা বৃদ্ধি ও বিকেন্দ্রীকরণের অংশ হিসাবে মার্চ ২০১৪ হতে অডিট হিয়ারিং আঞ্চলিক পর্যায়ে পরিচালনার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। উক্ত সিদ্ধান্ত অনুযায়ী নিম্নোক্ত পদ্ধতিতে অডিট হিয়ারিং পরিচালনা করতে হবে।

১. ভোলা ও চরাঞ্চল এর কর্মীদের জন্য বিএমটিএস, কক্সবাজার অঞ্চলের কর্মীদের জন্য সিএমটিএস, নোয়াখালী অঞ্চলের কর্মীদের জন্য নোয়াখালী সদর শাখা এবং চট্টগ্রাম অঞ্চলের কর্মীদের জন্য চান্দগাঁও শাখাতে অডিট হিয়ারিং অনুষ্ঠিত হবে। অডিট হিয়ারিং এর অন্ততঃ এক সপ্তাহ পূর্বে আরটিএল/আরপিএস সংশ্লিষ্টদের নামের তালিকাসহ তারিখ ও সময় উল্লেখপূর্বক চিঠি দেবেন।
২. আরটিএল, সংশ্লিষ্ট আরপিএস ও কেন্দ্রীয় অফিসের প্রতিনিধি সমন্বয়ে গঠিত টিম কর্তৃক অডিট হিয়ারিং পরিচালিত হবে।
৩. অডিট হিয়ারিং এর আলোচনা শাখাভিত্তিক হবে যেখানে সংশ্লিষ্ট এলাকা ব্যবস্থাপকও উপস্থিত থাকবেন।
৪. প্রথমে কর্মীদের আত্মসাত এবং অভিযোগের বিষয়সমূহ নিয়ে আলোচনা করতে হবে এবং আত্মপক্ষকে সমর্থনের সুযোগ দিতে হবে যাতে তারা তাদের ভুলগুলো স্বীকার করতে পারেন ও বুঝতে পারেন।
৫. হিয়ারিং শেষে সংশ্লিষ্ট কর্মীদের কাছ থেকে নির্দিষ্ট ফরমেটে স্বীকারোক্তিমূলক অঙ্গীকারনামা নিতে হবে যাতে তারা ভবিষ্যতে এ ধরনের অনৈতিক কার্যক্রম থেকে বিরত থাকেন। উক্ত অঙ্গীকারনামাগুলো প্রত্যেকের ব্যক্তিগত ফাইলে দেওয়ার জন্য প্রধান-আইএ এন্ড ইএ এর কাছে হিয়ারিং পরবর্তী ৫ দিনের মধ্যে পাঠাতে হবে। তাছাড়া হিয়ারিংএর সিদ্ধান্তসমূহ একটি মাইনুটস আকারে লিখে প্রধান-আইএ এন্ড ইএ বরাবর হিয়ারিং পরবর্তী ২ দিনের মধ্যে পাঠাতে হবে।
৬. এখানে উল্লেখ্য যে, হিয়ারিংএর জন্য আসা কর্মীদের সংস্থার নিয়মানুযায়ী যাতায়াত ও খাদ্যভাতা অফিস থেকে প্রদান করা হবে।
৭. এ সার্কুলারটি অনতিবিলম্বে কার্যকরী হবে।

আপনাদের সকলের সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ



সনত কুমার ভৌমিক

অনুলিপিঃ

নির্বাহী পরিচালক

সকল ডিডি এন্ড এডি

সকল আরটিএল/আরপিএস

অফিস কপি

সংযুক্তিঃ অঙ্গীকারনামার ফরমেট

কোস্ট ট্রাস্ট। তারিখ : -----/-----/-----

প্রতি : পরিচালক,  
কোস্ট ট্রাস্ট।

হইতে : নাম :----- ব্যক্তি গত ফাইল নং : -----পদবী :-----  
শাখা/প্রকল্প:----- হিয়ারিং এর তারিখ: -----/-----/----- হিয়ারিং এর স্থান-----

বিষয় : অর্থ আত্মসাত ও আর্থিক অনিয়মের স্বীকারোক্তি এবং ভবিষ্যতে কখনো আত্মসাত বা অনিয়ম না করার অঙ্গীকারপত্র।

জনাব,

আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, গত -----/-----/----- হতে -----/-----/----- তারিখ পর্যন্ত  
----- শাখায় অডিটর কর্তৃক নিরীক্ষাকালীন সময়ে আমার বিরুদ্ধে নিম্ন লিখিত অভিযোগসমূহ উত্থাপিত হইয়াছে। উক্ত  
অভিযোগসমূহ আমার দ্বারা সংঘটিত হইয়াছে বলিয়া আমি স্বজ্ঞানে স্বীকার করিতেছি। এখন আমি আমার কৃতকর্মের ভুল বুঝিতে  
পারিয়াছি যাহার জন্য আমি লজ্জিত ও ক্ষমাপ্রার্থী। এমতাবস্থায় আমি এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, ভবিষ্যতে আমার দ্বারা এ ধরনের  
অপরাধ সংগঠিত হইবে না। যদি হয় তাহা হইলে সংস্থা আমার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

- ১। অর্থ আত্মসাত : ----- টাকা (কথায়-----)
- ২। আর্থিক অনিয়ম : ----- টাকা (কথায়-----)
- ৩। অন্যান্য : -----

উল্লেখ্য যে, অডিট হিয়ারিং এর সিদ্ধান্ত মতে -----/-----/----- তারিখের মধ্যে আত্মসাতকৃত সমুদয় টাকা পরিশোধ করিব  
এবং আর্থিক অনিয়ম -----/-----/----- তারিখের মধ্যে সামাধান করিব। আমি যদি আত্মসাতকৃত টাকা উপরোক্ত তারিখের মধ্যে  
পরিশোধ না করি তাহা হইলেও সংস্থা আমার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নিতে পারিবে।

অতএব আমাকে উপরোল্লিখিত অভিযোগসমূহ সমাধানের সুযোগ প্রদান করিবার জন্য আপনাকে অনুরোধ করিতেছি।

আপনার বিশ্বস্ত

-----  
স্বাক্ষর ও তারিখ

অনুলিপি:ব্যক্তিগত ফাইল

